4. **Variable reinforcement schedule.** When reinforcement is given at varying intervals of time or after a varying number of responses, it is called a variable reinforcement schedule. In this case, reinforcement is intermittent or irregular. The individual does not know when he is going to be rewarded and consequently he remains motivated throughout the learning process in the hope of reinforcement. The most common example of such a schedule in human behaviour is the reinforcement operation schedules of gambling devices. Here rewards are unpredictable and keep the players well-motivated through occasional returns.

## Conclusions about the Various Reinforcement Schedules

Reinforcement and its schedules play a key role in the conditioning of operant behaviour and acquisition of a learning. Where a continuous reinforcement schedule increases the response rate, the discontinuation of reinforcement may result in the extinction of that response or behaviour. A continuous reinforcement schedule, thus, yields the least resistance to extinction and the lowest response rate during learning. Learning of a response, therefore, occurs quickly if every correct response is rewarded, but it is forgotten easily when the reinforcement is stopped. If reinforcement is given after a varying number of correct responses or at varying intervals of time, the response is remarkably resistant to extinction. However, the fixed interval reinforcement schedules are found to provide the lowest yield in terms of performance as the individual may soon learn to respond correctly only when the time or turn of reinforcement arrives. Similarly he may lose interest in getting reinforcement after a fixed interval or fixed number of correct responses.

Weighing all these properly, Skinner suggests a 100 per cent schedule to begin with followed by a fixed interval or fixed ratio schedule to finally arrive at the variable reinforcement schedule for better results in learning or training.

## Defining Operant Conditioning

Operant conditioning refers to a kind of learning process where a response is made more probable or more frequent by reinforcement. It helps in the learning of operant behaviour, the behaviour that is not necessarily associated with a known stimulus.

## Distinction between Classical and Operant Conditioning

Classical or respondent conditioning is based on respondent behaviour. Specifically, it deals with responses that invariably follow a specific stimulus and are thus elicited, e.g. blinking at a bright light, jumbling at an electric shock, salivation to the taste of food, and so forth. In this greater importance is attached to the stimulus for eliciting the desired response. That is why it is also called a type S conditioning.

On the other hand, operant conditioning helps in conditioning or learning of operant behaviour—behaviour that is emitted (rather than elicited). The organism seems to initiate operant behaviour on his own without a single, explicit, preceding stimulus. In this type of learning, much emphasis is placed on the response rather than the stimulus causing the response. This is why, it is also named as type R conditioning. In type S conditioning, the problem with the trainer or teacher is to select appropriate stimuli for evoking desired response. On the other hand in R type conditioning, out of many responses which an organism is capable of giving, the problem with the trainer or teacher is to evoke only the appropriate responses and then fix them properly with the help of suitable reinforcement.

The difference between these two types of conditioning thus, may be summarized as below:

Classical respondent conditioning	Operant conditioning
1. It helps in the learning of respondent behaviour.	1. It helps in the learning of operant behaviour.
2. It is called type S conditioning to emphasize the importance of the stimulus in eliciting desired response.	2. It is called type R conditioning because of the emphasis on the response.
3. In this type of conditioning beginning is being made with the help of specific stimuli that bring certain responses.	3. Here beginning is made with the responses as they occur "naturally" or if they do not occur naturally, shaping them into existence.
4. Here strength of conditioning is usually determined by the magnitude of the conditioned response, i.e., the amount of saliva (as in the case of the classical experiment of Pavlov with the dog).	4. Here strength of conditioning is shown by the response rate i.e. the rate at which an operant response occurs as a result of some reinforcement.



## Skinner's Experiments Regarding Operant Conditioning

B.P. Skinner conducted a series of experiments with animals. For conducting the experiments with rats, he designed a special apparatus known as Skinner's Box. It was a modified form of the puzzle box used by Thorndike for his experiments *with cats. The darkened sound proof box has a grid floor, a system of light or sound* produced at the time of delivery of a pellet of food in the food cup, a lever and a food cup. It is arranged so that when a rat (hungry or thirsty) presses the lever, the feeder mechanism is activated, a light or a special sound is produced and a small pellet of food (or small amount of water) is released into the food cup. For recording the observations of the experiments, the lever is connected to a recording system which produces a graphical plotting of the number of lever presses against the length of time the rat is in the box.

In one of his earlier experiments, Skinner placed a hungry rat in the above described box. In this experiment, pressure on the bar in a certain way by the rat could result in the production of a click and emergence of a food pellet. The click sound acted as a cue or signal to the rat that if it were to respond by going to the food cup, it would be rewarded. The rat was rewarded for each proper pressing of the lever. The lever pressing response having been rewarded, the rat repeated it and was again rewarded which further increased the probability of the repetition of the lever pressing response and so it continued. In this way, ultimately the rat learned to press the lever as desired by the experimenter (see Figure 13.5).




Figure 13.5 A rat in a Skinner Box.

## **Implications of the Theory of Operant Conditioning**

Theory of operant conditioning has revolutionized the field of training or learning by putting forward the following practical ideas and implications:

1. A response or behaviour is not necessarily dependent (contingent) upon a specific known stimulus. It is more correct to think that a behaviour or response is dependent upon its consequences. Therefore, for training an organism to learn a particular behaviour or response, it may be initiated to respond in such a way as to produce the reinforcing stimulus. The individual's behaviour should get the reward and he should in turn, act in such a way that he is rewarded again and so on. Therefore, the learning or training process and environment must be so designed as to create the minimum frustration and the maximum satisfaction in a learner to provide him with proper reinforcement for the desired training or learning.
2. The principle of operant conditioning may be successfully applied in behaviour modification. We have to find something which is rewarding for the individual whose behaviour we wish to modify, wait until the desired behaviour occurs, and immediately reward him when it does. When this is done, the frequency with which the desired response occurs goes up. When the behaviour next occurs, it is again rewarded, and the



rate of response goes up even further. Proceeding in this manner, we can induce the individual to learn the desired behaviour.

3. The development of human personality can be successfully manipulated through operant conditioning. According to Skinner:

We are what we have been rewarded for being. What we call personality is nothing more than consistent behaviour patterns that *generalise all* reinforcement history. We learn to speak English, for example, because we have been rewarded for approximating the sounds of the English language in our early home environment. If we happened to be brought up in a Japanese or Russian home, we would learn to speak Japanese or Russian because when we approximated sounds in that language, we would have been attended to or rewarded in some other way (Hergenhahn, 1976).

4. The theory of operant conditioning does not attribute motivation to internal processes within the organism. It takes for granted the consequences of a behaviour or response as a source of motivation to further occurrence of that behaviour. Food is a reinforcer to a rat or a pigeon. Knowledge of the correct response is reinforcement to a learner. Secondary reinforcers also prove very important sources of motivation for a learner. Verbal praise, positive facial expressions of the trainer or teacher, a feeling of success, high scores, good grades, prizes, medals and the opportunity to do work one likes are all good motivators. Operant conditioning, thus, provided an external approach to motivation.
5. Operant conditioning emphasizes the importance of schedules in the process of reinforcement of behaviour. In trying to impart or teach a particular behaviour, therefore, great care should be taken for the proper planning of the schedules of reinforcement.
6. This theory advocated the avoidance of punishment for unlearning the undesirable behaviour and for shaping the desirable behaviour. Punishment proves ineffective in the long run. It appears that punishment simply suppresses behaviour and when the threat of punishment is removed, the rate with which the behaviour occurs returns to its original level. Therefore, operant conditioning experiments suggested appropriate alternatives to punishment, in the form of rewarding appropriate behaviour and ignoring inappropriate behaviour, for its gradual extinction.
7. In its most effective application, the theory of operant conditioning has contributed a lot to the development of teaching machines and programmed learning. The theory of operant conditioning has shown that learning proceeds most effectively if:
  - (a) the learning material is so designed that it produces fewer chances for failure and more opportunities for success;
  - (b) the learner is given rapid feedback concerning the accuracy of his learning; and
  - (c) the learner is able to learn at his own pace.

The principles originating from operant conditioning have revolutionized the training and learning programmes. As a result, mechanical learning in the form

of teaching machines and computer-assisted instructions have taken root in place of usual classroom instruction.

### Theory of Insightful Learning

The views *propagated by behaviourists in the form of association between* stimuli and responses for understanding learning faced great difficulty in explaining the learning process or behaviour involving higher cognitive abilities. The chance success through trial and error or association through connectionism and conditioning may account for simple acquisition of knowledge, skills, interests, habits and other personality characteristics, but is not sufficient to account for problem solving, creativity and acquisition of other similar cognitive behaviour including insight (learning that appears to come suddenly).

Dissatisfied with the approach of behaviourists, the cognitive psychologists tried to see learning as a more deliberate and conscious effort of the individual rather than a product of mere habit formation or a stimulus response machine-like mechanism. According to them, in a learning process, the learner does not merely receive or make responses to the stimuli, but definitely processes, i.e., interacts with and does something about what he receives and his response is determined by that processing.

Thinking along these lines, a group of German psychologists called gestaltists and particularly Wolfgang Kohler originated a learning theory named insightful learning.

'Gestalt' is a German noun for which there is no English equivalent. So the term was carried over into English psychological literature. The nearest English translation of gestalt is 'configuration' or more simply an 'organised whole' in contrast to a collection of parts. Gestalt psychologists consider the process of learning to be a gestalt—an organised whole. The basic idea of the theory is that a thing cannot be understood by the study of its constituent parts but only by the study of it as a totality or whole.

In fact the focus of Gestalt theory has been the idea of grouping, i.e. characteristics of Stimuli cause us to structure or interpret a visual field or problem in a certain way. The primary factors that determine grouping are:

1. *Proximity* — elements tend to be grouped together according to their nearness.
2. *Similarity* — items similar in some respect tend to be grouped together
3. *Closure* — items are grouped together if they tend to complete some entity and
4. *Simplicity* — items tend to be organized into simple figures according to symmetry, regularity and smoothness.

These factors, also called the laws of organisation, have been explained in the context of perception and problem solving by Gestalt psychologist.

In practical terms, gestalt psychology is primarily concerned with the nature of perception. According to it, an individual perceives a thing as a whole while the behaviourists and stimulus-response theorists define perception so as to make

it analogous with the taking of a photograph. They hold that sensation comes prior to meaning and consider these two acts as separate. But the Gestalt Psychologists do not separate sensation of an object from its meaning. They are of the opinion that unless a person sees some meaning in an object he will pay little or no attention to it, what is more, to the gestalt psychologists, the meaning of perception or perception is always related to the total situation. According to them perception always involves a problem of organisation. A thing is perceived as a relationship within a field which includes the thing, the viewer and a complex background incorporating the viewer's purposes and previous experience.

Gestalt psychologists tried to interpret learning as a purposive, exploratory and creative enterprise instead of trial and error or a simple stimulus-response mechanism. A learner, while learning, always perceives the situation as a whole and after seeing and evaluating the different relationships takes the proper decision intelligently. He always responds to the proper relationships rather than to specific stimuli. Gestalt Psychology used the term 'insight' to describe the perception of the whole situation by the learner, and his intelligence in responding to the proper relationships. Köhler (1925) used the term 'insight' first of all, to describe the learning of his apes. During the period 1913-1917, he conducted many experiments on chimpanzees in the Canary Islands and embodied his findings in his book (*ibid*). These experiments demonstrated learning by insight. Some of Köhler's experiments are now described.

1. In one experiment, Köhler put the chimpanzee, Sultan, inside a cage and a banana was hung from the roof of the cage. A box was placed inside the cage. The chimpanzee tried to reach the banana by jumping but could not succeed. Suddenly, he got an idea and used the box as a jumping platform by placing it just below the hanging banana.
2. In another experiment, Köhler made this problem more difficult and two or three boxes were required to reach the banana. Moreover, the placing of one box on the other required different specific arrangements.
3. In a more complicated experiment, a banana was placed outside the cage of the chimpanzee. Two sticks, one longer than the other, were placed inside the cage. One was hollow at one end so that the other stick could be thrust into it to form a longer stick. The banana was so kept that it could not be picked up by any one of the sticks. The chimpanzee first tried to reach out to the banana with these sticks one after the other but failed. Suddenly, the animal had a bright idea and joined the two sticks together and reached the banana (see Figure 13.7).

In these experiments, Köhler used many different chimpanzees. Sultan, who was the most intelligent of Köhler's chimpanzees, could solve all the problems. Other chimpanzees could solve the problems only when they saw Sultan solving them.

These experiments demonstrated the role of intelligence and cognitive abilities in higher learning such as problem solving. The apes, somewhat higher animals, did not resort to the blind trial and error mechanism adopted by Thorndike's cat or the simple habit formation as in the case of Pavlov's dog or Watson's Albert. They reacted intelligently by (a) identifying the problem,




Figure 13.7 Köhler's chimpanzee learns to assemble a long stick from two shorter ones.

(b) organising their perceptual field, and (c) using 'insight' (the term coined by Köhler) to reach a solution. Once the situation is perceived as a whole and the perceptual field is properly organised, a problem becomes solvable through flashes of insight.

In human beings we come across such learning a number of times on different occasions. For example, a student may suddenly discover that in the 9's table, the sum of the digits in the answer is always 9 (e.g.,  $9 \times 5 = 45$ ,  $4 + 5 = 9$  etc.). The student's learning of a new meaningful relationship is then, a result of his insightful learning.

Though Köhler seemed to see insightful learning in terms of a sudden 'aha' or a bolt of lightning, it is found to depend upon factors such as:

- **Experience.** Past experience help in the insightful solution of problems. A child cannot solve the problems of modern mathematics unless he is well acquainted with its symbolic language.
- **Intelligence.** Insightful solution depends upon the basic intelligence of the learner. The more intelligent the individual, the greater will his insight be.
- **Learning situation.** How insightfully an individual will react, depends upon the situation in which he has been placed. Some situations are more conducive to insightful solution than others. As a common observation, insight occurs when the learning situation is so arranged that all the necessary aspects are open to view.



- 
- *Initial efforts.* Insightful learning has to pass through the process of trial and error but this stage does not last long. These initial efforts in the form of a simple trial and error mechanism, open the way for insightful learning.
  - *Repetition and generalisation* – After obtaining an insightful solution of a particular type of problem, the individual tries to implement it in another situation, demanding a similar type of solution. The solution found in one situation helps him to react insightfully in other identical situations.

## Implications of the Theory of Insightful Learning

The greatest contribution of the theory of insightful learning is that it has made learning purposeful and goal-oriented task. It does not involve simple reflexive or automatic machine-like responses. The learner has to be motivated by arousing his interest and curiosity for the learning process and he has to be well acquainted with the specific aims and purposes of the learning.

Moreover, the emphasis, in this theory, on the importance of viewing the situation as a whole has given birth to the important maxim, from the whole to the parts, in the field of learning. If a person wishes to learn or memorise a poem, it should be presented to him as a whole and after being read and understood as a whole, it may be broken into parts or stanzas for being effectively memorized. Similarly, a problem requiring solution should be considered as a whole and after being assessed as a whole, may be tackled for solution on a piecemeal basis.

The theory of insightful learning requires the organisation of the perceptual field and learning material in the form of a 'gestalt' i.e., a whole. Based on this phenomenon, we cannot treat any learning related to a subject or skill as merely a collection of isolated facts, informations or unrelated behavioural acts. This has made significant contributions in the organisation of the curriculum, scheme of studies, work-plan and procedure of planning the schedule of learning or teaching of a skill or a behaviour. What we see to-day in the form of an emphasis on unity and cohesiveness (in the form of gestalt) within the learning acts or experiences in any scheme of studies or learning is nothing but a pattern of learning borrowed from the gestaltist theory of insightful learning.

## স্মৃতি

আমরা অভিজ্ঞতাকে সংরক্ষণ করি আবার প্রয়োজনে তা ব্যবহার করি। এ ক্ষমতাকেই সহজভাবে স্মৃতি বলা হয়। মানব স্মৃতি এক বিস্ময়কর ব্যাপার। বিভিন্ন যন্ত্র যেমন- টেপ রেকর্ডার, ভিডিও টেপ মেশিন, কম্পিউটার ইত্যাদিতে অভিজ্ঞতা ও তথ্যাদি রেকর্ড করা যায়। আবার প্রয়োজনমত সেগুলো পুনরুৎপাদন করা যায়, ব্যবহার করা যায়। কিন্তু মানব স্মৃতির সঙ্গে এদের তুলনা হতে পারে না। মানুষের মস্তিষ্ক এক জীবনের জ্ঞান ও তথ্যাদি সংরক্ষণ করতে পারে। একটা অতি উন্নত কম্পিউটারের পক্ষেও তা সম্ভব নয়। একটা ভিডিও টেপ থেকে একটি তথ্য সংগ্রহ করতে পুরো টেপটি খুঁজতে হয়। মানব স্মৃতি থেকে কোন তথ্য সংগ্রহ করতে তেমন কোন সময়েরই প্রয়োজন হয় না। যেমন- ‘তোমার জন্ম কোথায়’ এই তথ্য সরবরাহ করতে মানব স্মৃতির এক সেকেন্ডের একটি ক্ষুদ্র ভগ্নাংশের প্রয়োজন হয়।

প্রতিদিনের জীবনে আমরা অনেক কিছু শিখি, অনেক কিছু প্রত্যক্ষ করি, অনেক বিচিত্র অভিজ্ঞতা অর্জন করি। তার সব কিছু আমরা পরবর্তীকালে স্মরণ করতে পারি না। কিছু কিছু আমাদের মনে সংরক্ষিত হয় এবং অনুকূল পরিবেশে প্রতিকল্পের আকারে পুনরুৎপাদিত হয়। এরূপ পুনরুৎপাদনকেই স্মৃতি বলা হয়। অন্যকথায়, অতীত অভিজ্ঞতার যথাসম্ভব অবিকল পুনরুদ্ভব করাকেই বলে স্মৃতি। একটি কবিতা মুখস্থ করে সেটাকে আবৃত্তি করতে পারা হচ্ছে স্মৃতি। স্মৃতি বলতে স্মরণ ক্রিয়াকে বুঝায়। স্মরণ ক্রিয়ার বিভিন্ন পর্যায়ের সমন্বয়ই স্মৃতি।

এই স্মৃতি প্রক্রিয়া একটি অতি জটিল ব্যাপার। মানব স্মৃতি বিভিন্ন ইন্দ্রিয়ের সাহায্যে বিভিন্ন তথ্য ও অভিজ্ঞতা সঞ্চয়ন করে। আর তা সংরক্ষণ ও স্মরণ করার এক অনন্য সাধারণ ক্ষমতা রয়েছে মানুষের।

প্রাচীনকাল থেকে মনোবিজ্ঞানীরা স্মৃতির নানা রকম ব্যাখ্যা দিয়ে এসেছেন। তারা স্মৃতিকে একটি মানসিক শক্তি হিসাবে কল্পনা করেছেন। আধুনিক মনোবিজ্ঞানীদের মতে স্মৃতি হলো একটি মানসিক প্রক্রিয়া। অবশ্য একটি মানসিক প্রক্রিয়া নয়। কয়েকটি মানসিক প্রক্রিয়ার সম্মিলিত রূপ হচ্ছে স্মৃতি।

মনোবিজ্ঞানী উডওয়ার্থ বলেন, “যে প্রক্রিয়ার দ্বারা আমরা পূর্বে শেখা কোন কাজকে সেই একই ভাবে পরবর্তীকালে সম্পাদন করতে পারি, তাই হলো স্মৃতি।” স্টাউট তাঁর *Manual of Psychology* বইতে বলেন, “পূর্ব অভিজ্ঞতার সঙ্গে পরিপূর্ণ সামঞ্জস্য রেখে আদর্শগত ভাবে তার পুনরুদ্ভব করার প্রক্রিয়াই হলো স্মৃতি।” আধুনিক অনেক আমেরিকান মনোবিদ স্মৃতি কথটি ব্যবহার করেন না। যেমন- মনোবিদ ডেভিস শিখন প্রক্রিয়ার অংশ হিসাবে সঞ্চয়ন (Acquisition) ও সংরক্ষণ (Retention) এর কথা উল্লেখ করেন। ক্লজমিয়ার (H.J. Klausmeier) স্মৃতিকে শিখন প্রক্রিয়ার সঙ্গে আরও একান্ত করে নিয়েছেন। তার মতে সংরক্ষণ (Retention), প্রত্যভিজ্ঞা (Recognition) এবং পুনরুদ্ভব (Recall) এই তিন প্রক্রিয়ার সম্মিলিত রূপ হচ্ছে স্মৃতি। *Ground work of Educational Psychology* বই এ মনোবিদ রস (Ross) স্মৃতির যে সংজ্ঞা দিয়েছেন তাকে আমরা একটি সম্পূর্ণ সংজ্ঞা হিসাবে গণ্য করতে পারি। তিনি বলেছেন, “অভিজ্ঞতার সঞ্চয়ন, সংরক্ষণ এবং পুনরুদ্ভব যে জটিল মানসিক প্রক্রিয়ার মাধ্যমে হয়, তাই হচ্ছে স্মৃতি বা স্মরণ-ক্রিয়া”।

অতীত অভিজ্ঞতা যেভাবে হয়েছে, অবিকল সেভাবেই তা পুনরুদ্ভব করতে হবে। যদি সেই অভিজ্ঞতাকে নতুন ভাবে সংগঠিত করা হয় বা কোন রকম রূপান্তর করা হয় তাহলে তাকে স্মৃতি বলা যাবে না। স্মরণ ক্রিয়া হচ্ছে সংরক্ষিত অভিজ্ঞতার অবিকল পুনরুদ্ভব।



## স্মৃতির বিভিন্ন প্রক্রিয়াগত স্তর

স্মরণক্রিয়াকে বিশ্লেষণ করলে দেখা যায় এই মানসিক প্রক্রিয়াটি একটি একক প্রক্রিয়া নয়। এর মধ্যে অন্যান্য আরও প্রক্রিয়া কাজ করছে। স্মরণক্রিয়ার অন্তর্গত এই বিভিন্ন প্রক্রিয়াকে কোন কোন মনোবিজ্ঞানী স্মৃতির উপাদান হিসাবে চিহ্নিত করেছেন। একটি কবিতা মুখস্থ করা থেকে শুরু করে পরবর্তীতে সেটা আবৃত্তি করতে পারার পুরো প্রক্রিয়াকে বলে স্মৃতি। কবিতা মুখস্থ করার একটি কাজ শিক্ষার্থীদের দিলে, শিক্ষার্থীরা প্রথমে এটি পুনরাবৃত্তি করে শিখে, পরে সেটা পুনরাবৃত্তি করে। শেখা এবং পুনরাবৃত্তির মধ্যবর্তী সময়ে বিষয়টি মনের মধ্যে সংরক্ষিত হয়।

এই বিশ্লেষণ থেকে স্মৃতির কয়েকটি প্রক্রিয়াগত স্তর বা উপাদান পাওয়া যায়।

- শিখন বা স্থিরীকরণ (Learning or Fixation)
- সংরক্ষণ বা ধারণ (Retention) এবং
- পুনরুৎপাদন (Reproduction)

পুনরুৎপাদনের পদ্ধতির উপর নির্ভর করে পুনরুৎপাদন আবার দু'রকম -

- পুনরাবৃত্তি (Recall) ও
- প্রত্যভিজ্ঞা (Recognition)

যে প্রক্রিয়ার দ্বারা স্মরণ রাখার বস্তুকে আয়ত্ত করা হয় তা হচ্ছে শিখন বা স্থিরীকরণ। অভিজ্ঞতাকে স্থায়ীত্ব দেওয়ার মানসিক প্রক্রিয়ার নাম সংরক্ষণ। সংরক্ষিত অভিজ্ঞতাকে ব্যবহার করার প্রক্রিয়া হলো - পুনরাবৃত্তি ও প্রত্যভিজ্ঞা। নিচে এগুলো নিয়ে আলোচনা করা হলো।

### শিখন (Learning)

মনে রাখার গোড়ার কথাই হচ্ছে শিখন। যে বিষয় পূর্ববর্তীকালে আমরা দেখি নাই, শুনি নাই, শিখি নাই, তা প্রতিরূপের সাহায্যে স্মরণ করা একটা অসম্ভব ব্যাপার। যা শেখা হয়নি তা মনে রাখার কথা ওঠেনা। শিখন স্মৃতির অপরিহার্য প্রথম সোপান। যেমন- অস্ট্রেলিয়ার ভূ-প্রকৃতি সম্পর্কে স্মরণ করতে গেলে অবশ্যই এ বিষয়ে পূর্বজ্ঞান থাকতে হবে। পদ্মা নদীর উৎপত্তি ও গতিপথ সম্পর্কে বর্ণনা দিতে গেলে এ বিষয়ে পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার। এই পূর্ব অভিজ্ঞতাই শিখন। শিখনের দ্বারা নতুন অভিজ্ঞতাকে আমাদের অতীত অভিজ্ঞতার সঙ্গে সম্পৃক্ত করা হয়। অর্থাৎ এটাও অভিজ্ঞতার অংশ হয়ে যায়। এই শিখন পরে জীবনের নতুন সমস্যা সমাধানে সাহায্য করে। কোন বিষয়বস্তুকে পুনঃ পুনঃ উপস্থাপনের মাধ্যমে তাকে অতীত অভিজ্ঞতাপুঞ্জের অংশে পরিণত করাকেই বলা হয় শিখন। এই শিখন স্মৃতির ক্ষেত্রে একান্ত ভাবে প্রয়োজনীয়। শিখন ব্যতিরেকে স্মৃতি প্রক্রিয়া কাজ করতে পারে না।

### সংরক্ষণ বা ধারণ (Retention)

কেউ যখন বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে পারে, বিভিন্ন তথ্যাদি পুনরুৎপাদন করতে পারে তখনই সংরক্ষণের প্রমাণ পাওয়া যায়। যা শিখি তার সব আমরা স্মৃতিতে ধরে রাখতে পারি না। কিন্তু যেটুকু ধরে রাখতে পারি - তাই স্মৃতি হয়ে দাঁড়ায়। তাই অনেকে সংরক্ষণকেই স্মৃতি বলে মনে করেন। কোন কিছু শেখার নির্দিষ্ট সময় পরে আমাদের মন যা সঞ্চয় করে রাখতে পারে তাই হচ্ছে এই সময়ের ধারণের পরিমাণ। কোন বিষয় শেখা হলে সেটা আমাদের চেতন মনের স্তর থেকে অবচেতন মনের স্তরে চলে আসে। অতীত অভিজ্ঞতা প্রতিরূপের আকারে অবচেতন মনে রক্ষিত হয়। এই সংরক্ষিত প্রতিরূপ পুনরাবৃত্তি হয় বলেই স্মৃতি সম্ভব হয়।

### পুনরাবৃত্তি (Recall)

যা শেখা হয়েছে তা পুনরুৎপাদন করতে পারলেই স্মৃতি সম্পূর্ণ হয়। এই পুনরুৎপাদনের কাজ পুনরাবৃত্তি ও প্রত্যভিজ্ঞার সাহায্যে হয়ে থাকে। পূর্ব অভিজ্ঞতাকে মনে করাই হলো পুনরাবৃত্তি। মুখস্থ করা একটি কবিতা আবৃত্তি করা হলো পুনরাবৃত্তি। পুনরাবৃত্তি হচ্ছে মনে করা। ভাষা আন্দোলন কত সালে হয়েছিল? এটি হচ্ছে, পুনরাবৃত্তি বা মনে করার দৃষ্টান্ত। এখানে প্রক্রিয়া ঘটে বস্তুর অনুপস্থিতিতে এবং মানসিক প্রতিরূপের মাধ্যমে।

## স্মৃতির প্রকারভেদ

বিভিন্ন মনোবিজ্ঞানী বিভিন্ন দৃষ্টিকোণ থেকে স্মৃতি বা স্মরণক্রিয়ার শ্রেণীবিভাগ করেছেন। তথ্য প্রক্রিয়াজাতকরণ মতবাদে স্মৃতি প্রক্রিয়ার তিনটি স্তরের কথা উল্লেখ করা হয়। এই স্তর তিনটির উপর ভিত্তি করে অনেক মনোবিজ্ঞানী তিন প্রকার স্মৃতির কথা বলেন।

- সংবেদী স্মৃতি (Sensory Memory)
- অল্পস্থায়ী স্মৃতি (Short-term Memory) ও
- দীর্ঘস্থায়ী স্মৃতি (Long-term Memory)

## সংবেদী স্মৃতি বা ইন্দ্রিয়জাত স্মৃতি

বিভিন্ন ইন্দ্রিয়ের অভিজ্ঞতা থেকে এই স্মৃতির সৃষ্টি হয়। উদ্দীপক থেকে দ্রুত সঞ্চরিত ধারণাই হচ্ছে এই স্মৃতি। এটা অত্যন্ত ক্ষণস্থায়ী। দু'য়েক সেকেন্ড এর স্থায়িত্ব।

এই সংবেদনগত স্মৃতিকে পাঁচ শ্রেণীতে ভাগ করা যেতে পারে। যতগুলো ইন্দ্রিয় আছে, সংবেদী স্মৃতি ও তত রকমের। স্মৃতিগুলো পুনরাবৃত্ত -

- চাক্ষুষ স্মৃতি বা দর্শনগত স্মৃতি (Visual Memory)
- শ্রুতিজ বা শ্রবণগত স্মৃতি (Auditory Memory)
- স্পর্শজ বা স্পর্শগত স্মৃতি (Tactual Memory)
- ঘ্রাণেজ বা ঘ্রাণজাত স্মৃতি (Olfactory Memory)
- স্বাদজ বা স্বাদমূলক স্মৃতি (Gustatory Memory)

কোন একটি সুর বা শব্দ, কোন বিশেষ স্পর্শ, কোন বিশেষ গন্ধ, কোন বিশেষ আশ্বাদ আমরা খুব ভাল করেই মনে রাখতে পারি। তবে এই সব ধরনের ইন্দ্রিয়জাত স্মৃতির মধ্যে আমাদের জীবনে দর্শনগত ও শ্রবণগত স্মৃতির গুরুত্ব বেশি। কারণ জ্ঞান-বিজ্ঞান, অভিজ্ঞতা অর্জনে দর্শন-শ্রবণ ইন্দ্রিয়ের ভূমিকাই প্রধান। অনেকের দর্শনগত স্মৃতি বেশি। আবার অনেকের শ্রবণগত স্মৃতি বেশি। অর্থাৎ কেউ দর্শনমূলক অভিজ্ঞতা দীর্ঘদিন ধরে রাখতে পারে আবার অন্য কেউ শ্রবণমূলক অভিজ্ঞতা বেশি দিন মনে রাখতে পারে। বিদ্যালয়ে এই দুই ধরনের স্মৃতির কাজ বেশি হয়। তাই শিক্ষার্থীদের ক্ষমতা বুঝে তাদের সেভাবে অভিজ্ঞতা অর্জনের সুযোগ করে দিতে হবে।

## অল্পস্থায়ী স্মৃতি

এই স্মৃতি সংবেদী স্মৃতি ও দীর্ঘস্থায়ী স্মৃতির মধ্যবর্তী অবস্থা। এটা আমাদের সব সময়ের স্মৃতি। এই স্মৃতির স্থায়িত্ব খুব কম। মনোযোগ দিলে এর স্থায়িত্ব বাড়ে। কিছুক্ষণ আগে জানা ঘটনা বা বস্তুকে পুনরাবৃত্ত করাকে অল্পস্থায়ী স্মৃতি বলে। অনেকে এটাকে তাৎক্ষণিক স্মৃতি (Immediate Memory) বলেন। পরীক্ষার সময় অনেক পড়াশোনা করা হয়। পড়াশোনার পরই প্রশ্নের উত্তর ও লিখতে পারা যায়। এইভাবে শিখনের স্বল্পসময়ের মধ্যে স্মরণ করতে পারা হচ্ছে অল্পস্থায়ী স্মৃতি।

## দীর্ঘস্থায়ী স্মৃতি

দীর্ঘস্থায়ী স্মৃতি বলতে আমাদের অভিজ্ঞতা ও জ্ঞান বিজ্ঞানের ভান্ডারকে বুঝায়। আমরা যা শিখি, যতসব অভিজ্ঞতা অর্জন করি – সব কিছু নিয়েই এই স্মৃতি। প্রয়োজন মত এই স্মৃতি আমরা পুনরাবৃত্ত করতে পারি। এই স্মৃতিতে আমাদের সারা জীবনের অভিজ্ঞতা সঞ্চিত থাকে। দীর্ঘকাল পরে পূর্বে গৃহীত কোন কিছু স্মরণ করাকে দীর্ঘস্থায়ী স্মৃতি বলে। যদিও



শিখনের দীর্ঘ সময় পরে আমরা অনেক কিছুই ভুলে যাই, তবুও অনেক কিছুই আমাদের স্মৃতিতে থেকে যায়। মনোবিজ্ঞানীরা মনে করেন, সময়ের ব্যবধানে বিশেষ বিশেষ বস্তু সম্পর্কে ধারণা অনেক বেশি সুদৃঢ় হয়, অভিজ্ঞতার পুনর্গঠন হয় এবং এগুলো প্রয়োগের সম্ভাবনাও অনেক বেড়ে যায়। এই স্থায়ী স্মৃতি তৈরিতে স্কুল অনেক সাহায্য করতে পারে। অতীত অভিজ্ঞতার প্রেক্ষিতে নতুন অভিজ্ঞতা উপস্থাপন করলে, শিক্ষার্থীরা অভিজ্ঞতার পুনর্গঠন করতে পারে। তাতে স্থায়ী স্মৃতির বিকাশ হয়।

মনোবিদ বার্গসন (Bargson) দু'রকম স্মৃতির কথা বলেন -

- অভ্যাসগত স্মৃতি (Habit Memory) ও
- প্রকৃত স্মৃতি (True Memory)।

### অভ্যাসগত স্মৃতি

অর্থ না বুঝে বা বিষয়বস্তুর বিভিন্ন অংশের সম্পর্ক উপলব্ধি না করে যখন বার বার পুনরাবৃত্তি করে শিখন হয় এবং সেই শিক্ষণীয় বিষয় যখন পুনরাবৃত্তি করা হয়, তাকে বলা হয় অভ্যাসগত স্মৃতি। অভিজ্ঞতা বা ঘটনাকে অভ্যাসবশত স্মরণ করা হয় বলে একে যান্ত্রিক স্মৃতি (Rote Memory) ও বলা হয়। বানান শেখা, নামতা শেখা ইত্যাদি ক্ষেত্রে যান্ত্রিক স্মৃতির প্রয়োজন হয়।

## স্মৃতি উন্নত করার কৌশল

স্মৃতির উন্নয়ন আদৌ সম্ভব কি না এ বিষয়ে মনোবিজ্ঞানীদের মধ্যে মতভেদ আছে। মনোবিদ জেমস এর মতে অভিজ্ঞতাকে সংরক্ষণ করার ক্ষমতা মানুষের জন্মগত। একে পরিবর্তিত বা পরিবর্ধিত করা যায় না। তবে শিক্ষার্থীর আগ্রহ, অনুরাগ ও মনোযোগ বাড়িয়ে বিষয়বস্তু তাড়াতাড়ি আয়ত্ত্ব করতে তাকে সহায়তা দান করা যায়।

আবার মনোবিদ স্টার্ডটের মতে অনুশীলনের মাধ্যমে স্মরণ ক্রিয়ার উন্নতি সাধন সাধারণভাবে করতে না পারলেও এর কোন কোন দিকের উন্নয়ন সম্ভব। শিল্পী তার শিল্পকর্মে, শিক্ষক তার শিক্ষাকর্মে অনুশীলনের মাধ্যমে স্মরণ ক্রিয়াকে দৃঢ়তর করে থাকেন।

আধুনিককালের অনেক মনোবিজ্ঞানীও স্টাউট এর মত বিশ্বাস করেন যে মনোযোগ, অনুরাগ, আকর্ষণ ইত্যাদি কৃত্রিম পরিবেশ সৃষ্টি করে ও স্মৃতি-সহায়ক বিভিন্ন কৌশল অবলম্বন করে শিক্ষার্থীর শিখন প্রক্রিয়া ও স্মরণ ক্রিয়ার উন্নয়ন সম্ভব।

## বিভিন্ন কৌশল

মানব স্মৃতির উপর পরিচালিত গবেষণা ও পরীক্ষণ থেকে দেখা যায়, শিখন ও সংরক্ষণের জন্য কতগুলো কৌশলের উপর নির্ভর করা যায়। নিচে কিছু কৌশল নিয়ে আলোচনা করা হল :

## নিমোনিক (Mnemonic)

প্রাচীন স্মৃতির গ্রীক দেবতা Mnemosyne এর নাম থেকে নিমোনিক শব্দের উৎপত্তি। এটা দীর্ঘস্থায়ী স্মৃতিতে তথ্যাদি সংগঠনের একটি কৌশল।

কম অর্থপূর্ণ বিষয়ের উপর অর্থপূর্ণ কাঠামো তৈরি করলে সেটা স্মৃতিকে সাহায্য করে – এই ধারণার উপর ভিত্তি করেই অধিকাংশ নিমোনিকের সৃষ্টি। উন্নত স্মৃতি কোন জাদুর ব্যাপার নয় – সক্রিয়, সাবলীল, শক্তিশালী ও সৃষ্টিশীল মানসিকতার ফসল হচ্ছে ভাল স্মৃতি।

নিমোনিক কৌশলের সাহায্যে (সেটা নিজের সৃষ্টি অথবা অন্যের তৈরিও প্রচলিত – যাই হোক না কেন) অনেক বেশি তথ্য স্মৃতির ভাণ্ডারে সংরক্ষণ করা সম্ভব হয়। শিক্ষার্থীরা বই পড়ে, ফিল্ম দেখে, বক্তৃতা শুনে সংগৃহীত তথ্য অনেক বেশি সংরক্ষণ করতে পারে যদি তারা চাক্ষুণ্য, নিমোনিক এবং প্রতিরূপের সাহায্যে সংকেতায়ন বা রূপান্তর (Coding) করার অভ্যাস গড়ে তুলে।

অনেক সময়ই Coding খুব কঠিন ও জটিল প্রক্রিয়া বলে মনে হয়। যার জন্য গভীর মনোযোগের প্রয়োজন হয়। যারা নিষ্ক্রিয়ভাবে সংবেদী তথ্য গ্রহণ করে এবং যারা Coding এ খুব দুর্বল – তাদের স্মৃতির উন্নতি সাধনের জন্য Coding এ প্রশিক্ষণ ও অনুশীলন প্রয়োজন। কার্যকরী Coding কৌশল আয়ত্ত্ব করার বিকল্প নেই।

নিমোনিক কৌশল আছে অনেক রকম – সংকেত বা স্মৃতি সহায়ক ছড়া ইত্যাদি। ঐগুলো অবলম্বন করলে বস্তু বা ঘটনা মনে রাখা সহজ হয়। কতকগুলো নিমোনিক কৌশল হাজার বছরের পুরোনো। কিন্তু তাদের সাফল্যের পেছনে যে



অন্তর্নিহিত নীতি সেগুলো অতি সম্প্রতি মনোবিজ্ঞানীরা (Bellezza, 1981) আবিষ্কার করেছেন। Henry L. Roediger Zvi eB 'Psychology' তে উল্লেখ করেন, সকল নিমোনিক কৌশলেরই দুটো উপাদান থাকে। প্রথমত, তাদের মধ্যে চমৎকার সংকেতায়নের ব্যবস্থা থাকে, ফলে স্মৃতি স্থায়ী হয়। দ্বিতীয়ত, তারা সাধারণত পুনরাবৃত্তির কার্যকরী ইঙ্গিত প্রদান করে।

অনেক নিমোনিক সবার কাছে খুব পরিচিত যেমন- Thirty days hath September, April, June and November . . . . এই ধরনের ছন্দোবদ্ধ নিমোনিক স্মৃতি সংরক্ষণের সহায়ক। বানান শেখার জন্য বিভিন্ন নিমোনিক ব্যবহার করা যায়। যেমন- “পিসি চলো যাই” এর সাহায্যে সহজে শেখা Psychology বানান আপনার দীর্ঘস্থায়ী স্মৃতি হয়ে থাকবে।

সরলতম নিমোনিক হচ্ছে Link Method। ধরুন, আপনাকে একটি বাজারের ফর্দ মনে রাখতে হবে। আপনি প্রতিটি জিনিসকে মানসিক প্রতিরূপে রূপান্তর করে সেগুলোকে কোন ভাবে অন্যদের সঙ্গে যুক্ত করার চেষ্টা করবেন। এটাই Link পদ্ধতি। এই পদ্ধতি আপনাকে পুনরাবৃত্তিকে সাহায্য করবে। স্মৃতির উপর এই পদ্ধতির প্রভাব নিয়ে প্রসিদ্ধ পরীক্ষণ করেন Bower & Clark ১৯৬৯ খ্রিষ্টাব্দে।

খড়ুপের পদ্ধতি : এই কৌশলে ব্যক্তি বিভিন্ন বিষয়ের মানসিক ছবি তৈরি করে সেগুলো পরিচিত স্থানে স্থাপন করে। স্থানগুলো খুব পরিচিত হতে হবে। স্থানের সঙ্গে সঙ্গে ঐ স্থানে স্থাপিত বিষয়বস্তু স্মরণে সংরক্ষিত হয়ে যায়। স্থানগুলো যেহেতু খুবই পরিচিত, তাই এগুলো পুনরাবৃত্তির খুব চমৎকার কার্যকরী ইঙ্গিত হিসাবে কাজ করে। প্রাচীন রোমান শিক্ষকরা দীর্ঘ বক্তৃতা দেওয়ার কাজে ছাত্রদের এই কৌশল ব্যবহার করতে পরামর্শ দিতেন। পর্যায়ক্রমিকভাবে অনেক পয়েন্ট মনে রাখার জন্য এই কৌশল খুবই কার্যকরী।

### পরিচিত ঘরের নিমোনিক ইঙ্গিত (The Mnemonic Cues of Familiar Rooms)

শিখনের পরিবেশ অপরিবর্তিত থাকলে যেটা স্মরণের সহায়ক হয়। এ প্রসঙ্গে আমরা স্টিভেন স্মিথের একটি পরীক্ষণ দেখতে পারি। স্মিথ পাঁচটি দলকে (প্রতি দল ১০ জন ছাত্র) একটি নিচতলার ঘরে নিয়ে তিন মিনিট পরপর ৯০টি শব্দ টেপ রেকর্ডার বাজিয়ে শোনান। তাদের যতগুলো সম্ভব শব্দ মনে রাখতে বলা হল। পরের দিন তাদের একটি জবপদ্যময় এবং এ ডাকা হল। একটি দলকে পূর্ববর্তী ঘরে নিয়ে যাওয়া হল। অন্য চারটি দলকে পাঁচতলার অন্যান্য ঘরে নেওয়া হয়। অচেনা পরিবেশে দ্বিতীয় দলকে কোন বিশেষ নির্দেশনা দেওয়া হল না। তৃতীয় দলকে পরীক্ষা আরম্ভের পূর্বে তিন মিনিট তাদের বাড়ির একটি ঘর সম্পর্কে ভাবতে বলা হল। চতুর্থ দলকে পূর্ববর্তী নিচের ঘরটি সম্পর্কে তিন মিনিট ভাবতে এবং ঐ ঘরের দৃশ্য, শব্দ ও গন্ধের একটি তালিকা লিখতে বলা হল। পঞ্চম দলটি চতুর্থ দলের মত নির্দেশনা পেলো। অধিকন্তু তাদের ঐ ঘরের কিছু slide দেখানো হল। ফলাফলে দেখা গেল ৯০ টি শব্দের মধ্যে ১ম দল – ১৮টি, ২য় দল – ১২টি, ৩য় দল – ৯.৬টি, ৪র্থ দল – ১৭.২টি এবং ৫ম দল – ১৮.৮ শব্দ শুদ্ধ ও সঠিকভাবে জবপদ্যময় করতে পেরেছে। (Psychology-To-Day, Oct. 1980)

স্মৃতির উপর পরিচিত পরিবেশের এই প্রভাব জবপদ্যময় এর ক্ষেত্রেই বেশি দেখা যায়। বহু নির্বাচনী প্রশ্ন বা সত্যমিথ্যা টেস্টে এর প্রভাব বিশেষ নেই।

অধিকাংশ নিমোনিককেই কতগুলো স্তরে ভাগ করা যায়। স্তরগুলো নিম্নরূপ :

- পরিচিত ইঙ্গিতের তালিকা (List of Cues) অথবা যুক্তিসম্মত কাঠামো (Logical Frame Work) থাকে – যেখান থেকে কাজ আরম্ভ করা যায়।
- এসব পরিচিত ইঙ্গিত বা সংকেতের সঙ্গে নতুন বিষয়ের যোগাযোগ করা হয়।
- মানসিক প্রতিরূপের সাহায্যে এই যোগাযোগ হয়ে থাকে।
- পরিচিত ইঙ্গিতগুলো নতুন তথ্য পুনরাবৃত্তি করতে সাহায্য করে।

### ছবির সাহায্যে স্মৃতির উন্নয়ন

একটি পরীক্ষণে প্রথম শ্রেণী, চতুর্থ শ্রেণী ও প্রাপ্ত বয়স্কদের টেপ থেকে বারটি বাক্য শিখতে দেওয়া হয়। প্রতিটি বাক্যে দুটি Noun ও ছবি আঁকার মত অবস্থা ছিল। যেমন- ‘পাখিটি কমলা খেয়েছিল’। ‘সিঁড়ির নিচে কোক ছিল।’ কেউ কেউ শুধু বাক্যগুলো শুনলো, কাউকে কাউকে বাক্যগুলো শুনে মনে মনে ছবি আঁকতে বলা হল। আবার কাউকে বাক্য বলার সাথে সাথে ছবি দেখানো হলো। পরে গবেষক একটি ঘড়িই বলে তাদের বাক্যটি শেষ করতে বললেন। দেখা গেল প্রথম ও চতুর্থ উভয় শ্রেণীর শিক্ষার্থীরা যাদের ছবি আঁকতে (মানসিক) বলা হয়েছিল এবং যাদের ছবি দেখানো হয়েছিল তারা যারা শুধু বাক্য শুনেছিল তাদের চেয়ে দ্বিগুণের চেয়েও ভাল মনে রাখতে পেরেছে। এই তিন পরিস্থিতিতেই প্রাপ্ত বয়স্করা মোটামুটি

ভাবে বারটি বাক্যের মধ্যে আটটি স্মরণ করতে পেরেছে। এই ধরনের আরো পরীক্ষণ থেকে দেখা যায় শিক্ষার্থীর শিখন ও সংরক্ষণের উপর ছবির যথেষ্ট প্রভাব পড়ে কিন্তু বয়স্কদের উপর এর উলে-খযোগ্য কোন প্রভাব নেই।

## স্মৃতির উপর মূর্ত-বাস্তব (Concrete) ও সুস্পষ্ট (Vivid) শব্দের প্রভাব

স্মৃতির উপর একটি পরীক্ষণে কলেজ ছাত্রদের ষোলটি সরল বর্ণনামূলক বাক্য পড়তে দেওয়া হয়। অর্ধেক ছাত্রকে মূর্ত সুস্পষ্ট প্রকাশসহ বাক্য দেওয়া হয়। যেমন- নীল টলটলে পানির দীঘিতে শাপলা ফুটেছে। অন্যদের সোজাসুজি বাক্য দেওয়া হয়। যেমন- দীঘিতে শাপলা ফুটেছে। ছাত্ররা যারা সুস্পষ্ট বাস্তব প্রকাশসহ বাক্য পড়ে তারা বিষয়টির পরিষ্কার প্রতিক্রিয়া পায়। ফলে দেখা যায় ১৬টি বাক্যের মধ্যে তারা ৬০% শব্দ স্মরণ করতে পেরেছে। অপরদিকে অন্যগ্রুপ মাত্র ৪৬% শব্দ মনে রাখতে পেরেছে। (Anderson, R.C. Concretization & Sentence learning : Journal of Educational Psychology, 1974) পরবর্তী ফলোআপ স্টাডিতেও এই ধরনের ফলাফল পাওয়া যায়।

## প্রতিরূপের সাহায্যে

প্রতিরূপের সাহায্যে শেখার চেষ্টা করলে মনে রাখার কাজ সুষ্ঠু ও সহজসাধ্য হয়ে উঠে। যখন যা মনে রাখার প্রয়োজন তখন তার প্রতিরূপ মনের মধ্যে দৃঢ়বদ্ধ করতে পারলে বিষয়টির সংরক্ষণ সহজ ও স্থায়ী হয়।

## শ্রেণী গঠন পদ্ধতি

শিক্ষণীয় বিষয়বস্তুর শ্রেণী বিন্যাস করে নেওয়া যায়। শ্রেণীবদ্ধ করে আয়ত্ত করার পন্থাকে শ্রেণী গঠন করা বলা হয়। শ্রেণীবদ্ধ করে শিক্ষা করলে সহজে শেখা হয় এবং স্মরণ দীর্ঘকাল স্থায়ী হয়। যেমন- ৬৫, ৭৫, ৮৫ সংখ্যাকে সহজে মনে রাখা যায় কিন্তু ৪১, ৩৫, ৮৭ এই ধরনের সংখ্যা মনে রাখা কঠিন।

## নিদ্রা

ঘুমের সঙ্গে সংরক্ষণের একটি সম্পর্ক আছে। কোন বিষয় শেখার পর কিছুক্ষণ ঘুমালে, জেগে থাকার চেয়ে অপেক্ষাকৃত ভাল সংরক্ষণ হয়। ঘুমালে পশ্চাত্মুখী প্রতিরোধ ঘটান সম্ভাবনা কম থাকে বলে সংরক্ষণ বিনা বাধায় ঘটে ও বিস্মৃতির হার কমে যায়। জেগে থাকলে কোন কিছু না করলেও চিন্তা এসে সংরক্ষণ কাজে বাধা ঘটায়। তাই ঘুমের আগে শেখা বস্তু ভালভাবে ও দীর্ঘকাল মনে থাকে।

## দৃঢ় সংকল্প

মনে রাখার জন্য মনের প্রস্তুতি প্রয়োজন। আগ্রহ থাকা চাই। শেখার জন্য দৃঢ় সংকল্প থাকলে সে বিষয় সহজে আয়ত্তে আসে এবং অনেকদিন সংরক্ষিত থাকে। সংকল্প না থাকলে আর ইচ্ছার বিরুদ্ধে কিছু শিখতে গেলে শিখন কষ্টসাধ্য হয়ে দাঁড়ায়। সংরক্ষণও ঠিকমত হয় না।



## বিস্মৃতি কি?

প্রতিদিনের জীবনে আমরা অনেক কিছু শিখি, অনেক অভিজ্ঞতা অর্জন করি। কিন্তু সারা জীবন ধরে যা কিছু শিখি তার সবকিছু আমাদের মনে থাকে না। অর্জিত অভিজ্ঞতাকে যখন আমরা মনে সংরক্ষণ করতে পারি তখন তার নাম স্মৃতি আর এই সংরক্ষণের অভাব হল বিস্মৃতি বা বিস্মরণ। আমাদের অর্জিত অভিজ্ঞতার অতি ক্ষুদ্র অংশই আমরা ধরে রাখতে পারি। কোন অভিজ্ঞতা বা শিক্ষণীয় বিষয় পুনরাবৃত্তি করতে না পারার নামই বিস্মৃতি। শিখন – স্মৃতি = বিস্মৃতি। অর্থাৎ বিস্মৃতির অর্থ হচ্ছে যে বিস্মৃত বিষয়টির প্রতিরূপ মস্তিষ্কে সংরক্ষিত হয়নি অথবা হলেও তার পুনরাবৃত্তিপাদনে কোন না কোন ভাবে অন্তরায় ঘটেছে। কিছু শেখার পর যত সময় যেতে থাকে বা আমরা যত নতুন বিষয় শিখতে থাকি, ততই পূর্বের শেখা সব কিছু মনে থাকে না। পূর্বে শেখা হয়েছে এমন কোন বিষয় স্মরণ করার স্থায়ী বা সাময়িক অভাবকে বিস্মৃতি বলে।

## বিস্মৃতির উপকারিতা

মনোবিজ্ঞানী রিবোর্টের (Ribbort) মতে স্মৃতির জন্য বিস্মৃতির প্রয়োজন। মানসিক শক্তির সীমাবদ্ধতার জন্য অজস্র বিষয়বস্তু মনে রাখা সম্ভব নয়। একটি বস্তু বা তথ্য শিখতে গিয়ে যে ভুলগুলো শিক্ষার্থী অসতর্কতাবশত শিখে ফেলে, যেগুলো ভুলে না গেলে শুদ্ধি সে শিখতে পারবে না। নির্ভুলকে মনে রাখতে হলে ভুলকে ভুলতে হবে, প্রয়োজনীয় বস্তু মনে রাখতে হলে অপ্রয়োজনীয়কে ভুলতে হবে।

এছাড়া, জীবনে অনেক অতৃপ্তিকর ও বেদনাদায়ক অভিজ্ঞতা যেমন- প্রিয়জনের মৃত্যু, কর্মে ব্যর্থতা, লজ্জা-অপমানের ঘটনা, বন্ধুর সঙ্গে মনোমালিন্য ইত্যাদি আছে। এই ধরনের অভিজ্ঞতা বিস্মৃত না হলে জীবনের যাতনা বেড়ে যায়। বিস্মৃতি জীবনকে সুস্থ ও স্বাভাবিক রাখতে বিশেষভাবে সহায়তা করে। ভুলে যাওয়া মনে রাখার মতই মস্তিষ্কের স্বাভাবিক প্রক্রিয়া।

## বিস্মৃতির পরীক্ষণ : এবিংহাস

স্মৃতি ও বিস্মৃতি নিয়ে যে মনোবিজ্ঞানী প্রথম বৈজ্ঞানিক গবেষণা করেন তার নাম হারমান এবিংহাস। ইনি প্রথম স্মৃতিকে মনোবিজ্ঞানের গবেষণাগার নিয়ে এসে ভুলে যাওয়ার পরিমাণ নির্ধারণ করার জন্য বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করেন। তার পরীক্ষণগুলো থেকে মনে রাখা ও ভুলে যাওয়া সম্বন্ধে অনেক মূল্যবান তথ্য পাওয়া যায়।

## বিস্মরণের হার

সময়ের সঙ্গে সঙ্গে আমরা কতটা ভুলে যাই আর কতটাই বা মনে থাকে, তা নিয়ে এবিংহাসের পরীক্ষণ (১৮৮৫) খুবই প্রসিদ্ধ। সম্ভ্রূর্ণ বিজ্ঞানসম্মত এই পরীক্ষণ পদ্ধতির জন্য তিনি সম্পূর্ণ অর্থহীন বাক্য সমষ্টি (Nonsense Syllables) ব্যবহারের ব্যবস্থা করেন এবং সমস্ত পরীক্ষাই নিজের উপর পরিচালনা করেন। অর্থবোধ দ্বারা স্মৃতি বিস্মৃতি প্রভাবিত হয় বলে তিনি অর্থহীন শব্দ সমষ্টি ব্যবহার করেন। দুটি ব্যঞ্জন বর্ণের মধ্যে একটি স্বরবর্ণ বসিয়ে অনেকগুলো অর্থহীন শব্দ তৈরি করেন। শব্দগুলো যেহেতু অর্থহীন, তাই এগুলো স্মরণ রাখা সকলের পক্ষে সমানভাবে সহজ বা কঠিন। এ রকম অর্থহীন শব্দের উদাহরণ দেওয়া যায়, যেমন- REC, LUT, FOM, POK, NOL, TUL ইত্যাদি। এবিংহাস এই ধরনের ১৩টি করে শব্দ নিয়ে এক একটি তালিকা তৈরি করেন। এই ধরনের ৮টি তালিকা নিয়ে তার পরীক্ষণ কাজ চালান। শব্দ তালিকা মুখস্থ করার পর কিছু সময়ের ব্যবধানে আমরা সেটা মনে করার চেষ্টা করলে দেখা যায় আমরা সম্পূর্ণ তালিকাটি মুখস্থ করতে পারছি না, কিছুটা ভুলে গেছি। এবিংহাস আমরা কতটা ভুলি, কি পরিমাণে ভুলি, কতটা আমাদের মনে থাকে - এসব আবিষ্কার করার জন্য এই পরীক্ষণ চালিয়ে মানুষের বিস্মৃতির হার সম্পর্কে একটি তালিকা তৈরি করেন। তালিকাটি নিম্নরূপ :

## বিস্মৃতির কারণ

যদিও ভুলে যাওয়ার প্রয়োজন আছে আমাদের জীবনে তবুও ভুলে যাওয়া এক সমস্যা। আমরা কেন ভুলি? ভুলে যাওয়া নিয়ে অনেক মতবাদ দিয়েছেন মনোবিজ্ঞানীরা। ভুলে যাওয়া নিয়ে অনেক গবেষণা হয়েছে। অনেক কারণের কথা বলা হয়েছে। নিচে আমরা বিস্মরণের প্রধান কয়েকটি কারণ নিয়ে আলোচনা করব।

বিস্মৃতি কেন ঘটে - এ সম্পর্কে একটি তত্ত্ব হচ্ছে -

### ক্ষয়তত্ত্ব (Decay Theory)

ক্ষয়তত্ত্ব অনুযায়ী স্মৃতির সঞ্চিওত ছাপগুলো সময়ের অতিক্রান্তির সাথে স্বাভাবিক ভাবে হালকা হয়ে যায়, কখনো ক্ষয়ে যায়। গ্রীক দার্শনিক পে-টো এই ক্ষয়তত্ত্বের একজন আদি প্রবক্তা। পে-টো স্মৃতির গঠনকে মোমের উপর বসানো একটা নতুন ছাপের সঙ্গে তুলনা করেন। তিনি বলেন সময়ের ব্যবধানে মোমের ছাপ যেমন- তার আকৃতি হারায়, তেমনি স্মৃতির ছাপও নষ্ট হয়ে যায়। স্মৃতির সংরক্ষণ স্তরে কোন রাসায়নিক বিপাকে অথবা জৈবিক প্রক্রিয়ার ফলে এটা হতে পারে।

ভুলে যাওয়ার সবচেয়ে প্রতিষ্ঠিত মতবাদটি হচ্ছে -

### প্রতিবন্ধকতা তত্ত্ব (ওহংবৎভবৎবহপব Theory)

এই তত্ত্ব মূলত পুনরুৎপাদনের সঙ্গে জড়িত। শিখন ও পুনরুৎপাদন এই উভয়ের অন্তর্গত ক্রিয়া বা শিখন স্মৃতিকে বাঁধা দেয়। বিশেষ কোন স্মৃতির পুনরুৎপাদনে অন্যান্য স্মৃতি এসে বাঁধার সৃষ্টি করে। এই তত্ত্ব অনুযায়ী অন্য শেখা জিনিস, বিশেষ করে একই ধরনের শেখা বিষয় প্রতিবন্ধকতা সৃষ্টি করে বলে বিস্মৃতি ঘটে। কোন একটি বিষয় শেখার পর, অন্য নতুন বিষয় শিখলে দেখা যায় শেষ শেখার বিষয়টি বা নতুন বিষয়টি পূর্বের শেখার বিষয়কে ভুলিয়ে দেয়। একটি কবিতা মুখস্থ করার পর আরেকটি কবিতা মুখস্থ করলে দেখা যায়, প্রথমটি আবৃত্তি করার সময় দ্বিতীয়টির কথাবার্তা কিছু চলে আসছে। একে বলা হয় অনুশিখন প্রতিবন্ধকতা (Retro-active Inhibition ev Retro-active Interference) এর ফলে প্রথম কবিতাটি বেশি ভুলে যেতে হয়।

দ্বিতীয় ধরনের প্রতিবন্ধকতাকে বলা হয় পূর্ব-শিখন প্রতিবন্ধকতা (Pro-active Interference ev Pro-active Inhibition)। এই ক্ষেত্রে নতুন তথ্যটি পুনরুদ্বেকে পুরোনো তথ্য এসে বাঁধা সৃষ্টি করে। অর্থাৎ অতীত অভিজ্ঞতা বর্তমান অভিজ্ঞতাকে প্রভাবিত করে। মনে করেন, আপনার পুরোনো এলাকা ছেড়ে আপনি নতুন এলাকায় বাস করতে এসেছেন। এখানে এসে আপনার নতুন টেলিফোন নম্বরটি মনে রাখা আপনার একটি প্রধান কাজ। কিন্তু নতুন নম্বরটি মনে করতে গিয়ে দেখবেন আপনার পুরোনো নম্বরটি মনে আসছে। এখানে নতুন নম্বরের পুনরুদ্বেকে পুরোনো নম্বর বাঁধার সৃষ্টি করছে।



## পুনরুৎপাদনে ব্যর্থতা (Theory of Retrieval Failure)

এ মতবাদ অনুযায়ী অনেক সময় এই ব্যর্থতা বিস্মৃতির কারণ হতে পারে। স্মৃতি যেন এক বিরাট লাইব্রেরী। যে বইটি আপনি খুঁজছেন, সেটি আছে কিন্তু আপনি পাচ্ছেন না। উপযুক্ত সংকেতের অভাবে এটা হয়। Tulving ও Pearlstone (১৯৬৬) এর গবেষণায় দেখা গেছে কিছুটা সংকেত ধরিয়ে দিলে এই অবস্থায় অনেক সময় মনে করা সম্ভব হয়।

## উদ্দেশ্যমূলক বিস্মৃতি (Motivated Forgetting)

এটি হচ্ছে ভুলে যাওয়ার আরেকটি মতবাদ। ফ্রয়েড ও তার মতবাদে বিশ্বাসী মনোবিদরা মনে করেন আমরা ইচ্ছে করে ভুলে যাই। এই মত অনুসারে আমরা জীবনের অপ্রিয় অভিজ্ঞতা ভুলে যেতে চাই। ফ্রয়েডের মতে বেদনাদায়ক ও অপ্রিয় অভিজ্ঞতা ভুলতে চাই বলে এগুলো অবচেতন মনে অবদমিত থাকে। দাঁত ফেলার জন্য ডেন্টিস্ট এর সঙ্গে দেখা করার সময় ভুলে যাওয়া Motivated Forgetting এর একটি ছোট দৃষ্টান্ত।

## গুণগত পরিবর্তন তত্ত্ব (Qualitative Change Theory)

এটির অনুসারে স্মৃতির শুধু বিলুপ্তি ঘটে না, বিকৃতিও ঘটে। এই বিকৃতি যদি খুব বেশি হয় তাহলে মূল শিখন ও তার স্মৃতির মধ্যে কোন মিল থাকে না এবং শিখনটি হারিয়ে যায়।

বিস্মৃতির অন্যান্য উল্লেখযোগ্য কারণ হল –

## আবেগজনিত প্রতিরোধ (Emotional Blocking)

অনেক সময় বিভিন্ন আবেগ, যেমন- রাগ, ভয়, ঘৃণা, লজ্জা প্রভৃতি তীব্র ভাবে জেগে ওঠে অস্বাভাবিক উত্তেজনার সৃষ্টি করে। এই অবস্থায় খুব ভাল ভাবে আয়ত্ত করা বিষয়ও স্মরণ করা সম্ভব হয় না।

## শিখনের মাত্রা (Degree of Learning)

কোন বিষয় যদি ঠিকমত শেখা না হয় তাহলে তা বেশি দিন মনে থাকে না। অতি শেখা বস্তু যেমন স্মৃতিতে বেশি দিন থাকে, তেমনি অল্প শেখা বস্তুর সংরক্ষণ কম হয়। ন্যূনশিখন ভুলে যাওয়ার একটি কারণ।

## পারিপার্শ্বিকের পরিবর্তন (Change of Environment)

যখন কোন বিশেষ পরিবেশে আমরা কিছু শিখি, তখন আমাদের শেখা ও মনে করার সঙ্গে ঐ পরিবেশের অনেক বৈশিষ্ট্য নিবিড়ভাবে জড়িয়ে পড়ে। ঐ বিষয়টি মনে করার সময় পরিবেশের অন্তর্গত ঐ বৈশিষ্ট্যগুলোর উপস্থিতি স্মৃতি-সহায়ক হয়। কোন কারণে ঐ বৈশিষ্ট্যগুলো অনুপস্থিত থাকলে ঐ বিষয় মনে করা কষ্টকর হয়ে উঠে। অনেক সময় মনে করা যায় না। পরিচিত পরিবেশ ফিরে পেলে আবার সেটা মনে করা যায়। এজন্যই অনেক সময় দেখা যায় নিজের ঘরে বসে ভাল করে তৈরি করা পড়াও অনেক সময় পরীক্ষার্থীরা পরীক্ষার হলে গিয়ে ভুলে যায়।

## আঘাত জনিত বিস্মরণ (Shock Amnesia)

স্মরণক্রিয়া মস্তিষ্কের একটি প্রক্রিয়া। মস্তিষ্কে কোনরূপ আঘাত লাগলে বিস্মরণ ঘটতে পারে। খেলাধুলার সময়, যুদ্ধ, দুর্ঘটনা প্রভৃতির ফলে অনেক সময় মাথায় আঘাত লাগতে পারে। এই আঘাত থেকে আংশিক অথবা সাময়িক বিস্মৃতি ঘটতে পারে।

এছাড়া, বিস্মৃতির কারণ হিসাবে আমরা আরো কয়েকটি কারণ উল্লেখ করতে পারি। চর্চা বা পর্যালোচনার অভাবকে অনেকে বিস্মৃতির কারণ মনে করেন। উদ্দীপক ও প্রতিক্রিয়ার সংযোগের জন্য বলবৃদ্ধি (Reinforcement) প্রয়োজন। এর অনুপস্থিতিতে শিখনের বিলুপ্তি বা বিস্মৃতি ঘটে। ওষুধের প্রভাবেও অনেক সময় বিস্মৃতি ঘটে। খুব বেশি উত্তেজক ওষুধ, মদ, আফিম ইত্যাদির ব্যবহার বিশেষ করে যেসব ওষুধ মস্তিষ্কে রাসায়নিক কোষগুলো দুর্বল করে দেয় সেগুলো আমাদের বিস্মৃতির কারণ হয়ে দাঁড়ায়। অসুস্থতা, ক্লান্তি, অবসাদ নিয়ে যা শিখি তা তাড়াতাড়ি ভুলে যাই। যে বিষয়ে অনুরাগ নেই, যা মনোযোগ দিয়ে শিখি না তা সহজে ভুলে যাই। Bourne (Psychology : Its Principles and Meanings) বলেন, "One reason for poor recall is poor effort."। যখন কেউ মনে করে যে সে মনে রাখতে পারবে না এবং পুনরাবৃত্তির জন্য কোন রকম সক্রিয় প্রচেষ্টা করে না – এই দুর্বল মানসিকতকা, এই উদ্যমহীনতা বিস্মৃতির একটি প্রধান কারণ।

বিস্মৃতির বিভিন্ন তত্ত্ব এবং তত্ত্বজাত কারণ ও অন্যান্য কারণের আলোচনা থেকে বুঝা যায় কোন একক কারণের জন্য আমাদের বিস্মৃতি ঘটে না। ব্যক্তি, বিষয়, পদ্ধতি ও পরিবেশের বিভিন্নতার কারণে ভুলে যাওয়ার পেছনেও বিভিন্ন কারণ নিহিত থাকে।